

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয় শাখা-২  
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০৮.০২২.০০.০০২.২০১১-৯৫


০৮ ফাল্গুন, ১৪২৫  
তারিখ:-----

২০ ফেব্রুয়ারি, ২০১৯

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয় ও নব জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের পারস্পরিক/সমন্বয় বদলি সংক্রান্ত।

প্রাথমিক শিক্ষাকে সাংবিধানিক অধিকার হিসেবে স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম ১৯৭৩ সালে ৩৬,১৬৫টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করেন। পরবর্তীতে ২০১৩ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণার প্রেক্ষিতে ২৬,১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে ও উক্ত বিদ্যালয়গুলিতে কর্মরত শিক্ষকদের জাতীয়করণ করা হয়। বর্তমানে সারাদেশে জাতীয়করণকৃত বিদ্যালয়সহ সর্বমোট ৬৫,৫৯৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর ৪ নম্বর লক্ষ্য অর্জনে সরকার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে মানসম্মত ও একীভূত শিক্ষা নিশ্চিতকরণে দৃঢ় প্রতিজ্ঞ। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নব জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহে শুধুমাত্র আত্মীকরণকৃত শিক্ষকদের দ্বারা পাঠদান কার্যক্রম চলমান থাকায় উক্ত বিদ্যালয়গুলোর শিক্ষার মান কাঙ্ক্ষিত মাত্রায় নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। বাংলাদেশের প্রতিটি বিদ্যালয়ে মানসম্মত ও একীভূত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয় ও নব জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে সমন্বয় সাধন করা জরুরি বলে প্রতীয়মান হচ্ছে। পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয় ও নব জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে সংমিশ্রণ ঘটালে সারাদেশে প্রতিটি বিদ্যালয়ে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা সম্ভবপর হবে।


২। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মানসম্মত শিক্ষা প্রদানের লক্ষ্যে পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে নিকটস্থ/পার্শ্ববর্তী নব জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং নব জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে নিকটস্থ/পার্শ্ববর্তী পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলি করে বদলিকৃত শিক্ষকগণের তালিকাসহ প্রতিবেদন আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২০/০২/১৯  
(মো: মাহবুবুর রশীদ)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭২৫৫

মহাপরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয় (সকল বিভাগ)।
৬. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৮. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৯. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১০. যুগ্মসচিব (বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১১. অফিস কপি।

  
২০/০২/১৯  
(মো: মাহবুবুর রশীদ)  
উপসচিব